

যুগান্তর

ফেসবুকে ছড়ানো এসএসসির রুটিনটি সত্য নয়

👤 যুগান্তর প্রতিবেদন

🕒 ১০ ডিসেম্বর ২০২৩, ১৮:৫৫:২০ | [অনলাইন সংস্করণ](#)



২০২৪ সালের এসএসসি ও সমমান পরীক্ষার একটি ভুয়া রুটিন ফেসবুকে ছড়িয়ে পড়েছে। তবে ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড জানিয়েছে, তারা এখনো অফিসিয়ালি কোনো রুটিন প্রকাশ করেনি। যে রুটিন ছড়িয়েছে, সেটি ভুয়া।

এদিকে রোববার সকাল থেকে ফেসবুকে এসএসসি পরীক্ষা সংক্রান্ত বিভিন্ন পেজ ও গ্রুপে ভুয়া একটি রুটি ছড়িয়ে পড়েছে। অনেকে ওই ভুয়া রুটিনের ছবি শেয়ার করে তাদের অনুজদের শুভেচ্ছা জানাচ্ছেন। পড়ালেখায় মনোযোগী হওয়ার জন্যও পরামর্শ দিচ্ছেন। তবে এ দিন শিক্ষাবোর্ডগুলোর ওয়েবসাইটে গিয়েও এ সংক্রান্ত কোনো রুটিনের নোটিশ দেখা যায়নি।

ভাইরাল ভুয়া রুটিনে দেখা যাচ্ছে, আগামী ১১ ফেব্রুয়ারি বাংলা প্রথম পত্রের পরীক্ষা দিয়ে শুরু হচ্ছে এ বছরের পরীক্ষা। এরপর আগামী ৫ মার্চ বাংলাদেশ ও বিশ্ব পরিচয়ের পরীক্ষা দিয়ে শেষ হচ্ছে এ পরীক্ষা।

অবশ্য গত ৫ সেপ্টেম্বর ২০২৪ সালের এসএসসি ও এইচএসসি পরীক্ষার সম্ভাব্য সময় ঘোষণা করে শিক্ষা বোর্ডগুলো। এর মধ্যে এসএসসি পরীক্ষা হবে আগামী বছরের ফেব্রুয়ারির দ্বিতীয় সপ্তাহে এবং এইচএসসি পরীক্ষা জুনের দ্বিতীয় সপ্তাহে নেওয়ার কথা তখন জানানো হয়েছিল।

এসএসসি ও সমমান পরীক্ষার সম্ভাব্য সময় জানালেও বোর্ডগুলোর পক্ষ থেকে নির্দিষ্ট কোনো তারিখ এখনো জানানো হয়নি। কিন্তু এর মধ্যে হঠাৎ ফেসবুকে এসএসসি পরীক্ষার একটি ভুয়া রুটিনের ছবি ছড়িয়ে পড়েছে।

জানতে চাইলে আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির সভাপতি ও ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক তপন কুমার সরকার বলেন, বোর্ডের পক্ষ থেকে রুটিন প্রকাশ হলে সেটা আগে আমাদের ওয়েবসাইটে প্রকাশিত হবে। আমরা এখনো কোনো রুটিন প্রকাশ করিনি।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2023

